



তথ্যবিবরণী

নম্বর-০২৬

রাজশাহীতে দুই সপ্তাহব্যাপী বিভাগীয় বৃক্ষমেলা শুরু

রাজশাহী; ১৭ ভাদ্র (০১ সেপ্টেম্বর):

আজ রবিবার (১ সেপ্টেম্বর) রাজশাহীতে দুই সপ্তাহব্যাপী বিভাগীয় বৃক্ষমেলা-২০২৪ রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক)-এর গ্রীন চত্বরে শুরু হয়েছে। মেলার এবারের প্রতিপাদ্য- 'বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ'।

রাজশাহী সামাজিক বন বিভাগের আয়োজনে ও জেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত এ মেলা উপলক্ষ্যে বেলা এগারোটায় রাসিকের গ্রীন চত্বরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা ও মেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার ও রাসিকের প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

বৃক্ষ রোপণের ওপর গুরুত্বারোপ করে রাসিক প্রশাসক বলেন, বৃক্ষ মানুষের উপকারি বন্ধু। ইসলাম ধর্মে বলা আছে- কোনো মানুষ যদি তার জীবদ্দশায় একটি বৃক্ষ রোপণ করেন, তবে তার মৃত্যুর পরে কোনো মানুষ ওই বৃক্ষের ফল খেয়ে বা বৃক্ষের ছায়ায় বিশ্রাম নিয়ে বা অন্য কোনোভাবে উপকৃত হয় তাহলে সেই বৃক্ষরোপণকারী সদকায়ে জারিয়ার সওয়াব পাবে। আবার হিন্দু ধর্মের দুর্গাপূজায় নয় প্রজাতির বৃক্ষ ছাড়া তাদের পূজা হয়না।

উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বলেন, গাছের অনেক ঔষধি গুণ আছে। তাই গাছের নাম জানা অতীব জরুরি। নাম না জানলে কোন গাছে কী উপকারিতা তা নির্ণয় করা সম্ভব নয়।

রাজশাহী নগরীতে বৃক্ষ বিক্রয়ের জন্য নির্দিষ্ট কোনো স্থান নেই উল্লেখ করে তিনি বলেন, উপযুক্ত জায়গা পেলে বৃক্ষ বিক্রয়ের স্থান নির্ধারণ করা হবে। সহজে বৃক্ষ ক্রয়ের সুবিধা পেলে মানুষ বৃক্ষ রোপণের প্রতি আরও আগ্রহী হয়ে উঠবে।

জেলা প্রশাসক শামীম আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন র‍্যাং-৫ এর সহকারী পরিচালক মো: ফাহাদুজ্জামান আকন্দ, বগুড়া সামাজিক বন অঞ্চলের বন সংরক্ষক মোহাম্মদ আমিনুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন রাজশাহী সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা মো: রফিকুজ্জামান শাহ। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, নার্সারির মালিক, শিক্ষক-শিক্ষার্থী, সুধীজন এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে নগরীর রেলগেট থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে নগর ভবনের গ্রীন চত্বরে গিয়ে শেষ হয়।

পরে অনুষ্ঠানে আগত শিক্ষার্থীদের হাতে একটি করে বৃক্ষ এবং সামাজিক বন বিভাগের উপকারভোগী ও ভূমি মালিকদের হাতে অর্থের প্রাপ্য চেক তুলে দেন বিভাগীয় কমিশনার ও রাসিকের প্রশাসক।

উল্লেখ্য, বিভিন্ন প্রজাতির বৃক্ষ নিয়ে এবারে মেলায় মোট ৬৬টি স্টল অংশগ্রহণ করছে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৪:০০ ঘ.